BREAKING NEWS LIVE

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 20 Nov 2026, 06:53 PM

আইন-আদালত

চট্টগ্রামে পাহাড় কাটার মামলায় ৩ জনকে ২ লাখ টাকা করে জরিমানা

প্রতিবেদক: alamin dhakaprobe
প্রকাশের তারিখ: মঙ্গলবার, ২৭ অক্টোবর ২০২৬, ০৮:২৩ AM



চট্টগ্রাম নগরের পাহাড় কেটে স্থাপনা নির্মাণের দায়ে প্রবর্তক সংঘের সাবেক তিন নেতাকে দুই লাখ টাকা করে জরিমানা করেছেন আদালত। পরিবেশ আইন লঙ্ঘনের দায়ে তাঁদের এ দণ্ড দেওয়া হয়েছে।

সোমবার (২৬ অক্টোবর) চট্টগ্রামের পরিবেশ আদালতের বিচারক ফারজানা ইয়াসমিন এ রায় দেন। আদালতের বেঞ্চ সহকারী আলাউদ্দিন ও দণ্ডিত ব্যক্তিদের আইনজীবী মুহিত মোহাম্মদ মহিউদ্দিন রায়ের বিষয়টি নিশ্চিত করেছেন।

দণ্ডিত ব্যক্তিরা হলেন প্রবর্তক সংঘের পরিচালনা কমিটির সাবেক সভাপতি সুভাষ চন্দ্র লালা, সাবেক সহসভাপতি রঞ্জিত কুমার দে ও সাবেক সাধারণ সম্পাদক টিংকরি চক্রবর্তী।

আদালত সূত্রে জানা গেছে, নগরের পাঁচলাইশ এলাকার প্রবর্তক মোড়সংলগ্ন প্রবর্তক সংঘের মালিকানাধীন পাহাড় কেটে স্থাপনা নির্মাণ করা হয়। এ ঘটনায় পরিবেশ অধিদপ্তর ওই এলাকা পরিদর্শন করে পাহাড় কাটার প্রাথমিক প্রমাণ পায়। পরে পরিবেশ অধিদপ্তরের তৎকালীন

সহকারী পরিচালক সংযুক্তা দাশগুপ্ত ২০১৬ সালে এ ঘটনায় মামলা করেন।

আদালতের বেঞ্চ সহকারী আলাউদ্দিন জানান, বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫-এর ৬(খ) ধারা লঙ্ঘনের দায়ে তিন আসামিকে দুই লাখ টাকা করে জরিমানা করা হয়েছে। জরিমানার অর্থ দিতে ব্যর্থ হলে প্রত্যেককে এক বছর করে কারাদণ্ড ভোগ করতে হবে।

তিনি আরও জানান, তিনজন সাক্ষীর সাক্ষ্য গ্রহণ শেষে আদালত এ রায় দেন। পরিবেশ সংরক্ষণ আইনটি একটি বিশেষ আইন। এ আইনে দণ্ডিত ব্যক্তিদের আপিল করার আগে জরিমানার অর্থ পরিশোধ করতে হবে।

দণ্ডিত ব্যক্তিদের আইনজীবী মুহিত মোহাম্মদ মহিউদ্দিন জানান, তাঁর মক্কেলরা মনে করছেন, তাঁরা ন্যায়বিচার পাননি। এ রায়ের বিরুদ্ধে তাঁরা আপিল করার সিদ্ধান্ত নিয়েছেন।

রায় ঘোষণার সময় তিন দণ্ডিত ব্যক্তির কেউই আদালতে উপস্থিত ছিলেন না।

এ বিভাগের আরও খবর



তাহসিফ হত্যা মামলায় দীপের ৪ দিনের রিমান্ড

বিমানবাহিনীর সাবেক ফ্লাইট লেফটেন্যান্ট কে এম তাহসিফ সাউরি হত্যা মামলায় সন্দেহভাজন আসামি আহমেদ শাহরিয়ার রেজা দীপের চার দিনের রিমান্ড মঞ্জুর ক...



মানবতাবিরোধী অপরাধে মাহবুব উল আলম হানিফের মৃত্যুদণ্ড

মানবতাবিরোধী অপরাধের মামলায় কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মাহবুব উল আলম হানিফকে মৃত্যুদণ্ড দিয়েছেন আন্তর্জাতিক অপরাধ ট...



অপ্রতিম হত্যায় ৪ জনকে অভিযুক্ত করে অভিযোগপত্র দাখিল

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক নাহিদা বেগমের ছেলে ইশায়াত শাহরিয়ার অপ্রতিম (১৩) হত্যা মামলায় অভিযোগপত্র (চার্জশিট) দাখ...



এমপিওভুক্ত শিক্ষকদের নির্বাচনে অংশ নিতে বাধা নেই: আইনমন্ত্রী

স্থানীয় সরকার নির্বাচনে এমপিওভুক্ত শিক্ষকদের অংশ নিতে আইনগত কোনো বাধা নেই বলে জানিয়েছেন আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রী মো. আসাদুজ্জামান।সোমব...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://seradealbd.com/law-court/chttgrame-pahar-katar-mamlay-3-jnke-2-lakh-taka-kre-jrimana